**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫২/২০১৭**

**ঢাকা, সোমবার ১৩ মার্চ ২০১৭, ২৯ ফাল্গুন ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নৌবাহিনীতে যুক্ত হলো প্রথম সাবমেরিন

আক্রান্ত হলে সমুচিত জবাব দেওয়া হবে : প্রধানমন্ত্রী

২। কাজে অবহেলা করলে ছাড় নয় : প্রধানমন্ত্রী

৩। মানুষকে উন্নত সেবা দিন, ঠকাবেন না : মিঠামইনে জনপ্রতিনিধিদের প্রতি রাষ্ট্রপতি

৪। মূল্যস্ফীতি বিবেচনায় বেতন নির্ধারণের উপায় খুঁজতে কমিটি গঠন

৫। সম্মিলিত প্রচেষ্টায় জঙ্গিবাদের মোকাবিলা করতে হবে : চিফ অব পুলিশ কনফারেন্সে স্বরাষ্ট্রমন্ত্রী

৬। দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে বাংলাদেশের কর্মীদের প্রশিক্ষণ দেবে জাপান

৭। বাংলাদেশের স্বাস্থ্য খাতের অর্জন বিশ্বের জন্য দৃষ্টান্ত : জাতিসংঘ দূত

৮। রাজধানীর হাজারীবাগের ট্যানারি বন্ধ করতেই হবে : হাইকোর্টের রায় আপিল বিভাগে বহাল

৯। পোশাক খাত উন্নয়নে তিন পক্ষের প্রতিনিধি সমন্বয়ে পরামর্শ পরিষদ গঠন

১০। জঙ্গি দমনে বাংলাদেশের সাফল্য অনেক : ইন্টারপোল

চলমান পাতা-২

১। **নৌবাহিনীতে যুক্ত হলো প্রথম সাবমেরিন**

**আক্রান্ত হলে সমুচিত জবাব দেওয়া হবে : প্রধানমন্ত্রী**

স্বাধীনতা ও সার্বভৌমত্বের স্বার্থে একটি শক্তিশালী সশস্ত্র বাহিনী গঠনের ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আক্রান্ত হলে বাংলাদেশ তার সমুচিত জবাব দেওয়ায় সর্বদা প্রস্তুত থাকবে। প্রধানমন্ত্রী বলেন, আমরা কারো সাথে কখনো কোনো যুদ্ধে লিপ্ত হতে চাই না। কিন্তু কেউ যদি আক্রমন করে তাহলে আমরা তার সমুচিত জবাব দিতে পারি সে প্রস্তুতি আমাদের থাকবে। সেদিকে লক্ষ্য রেখেই আমরা যা যা করণীয় তা করে যাচ্ছি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল **১২** মার্চ রোববার চট্টগ্রাম নৌ-জেটিতে দেশে প্রথমবারের মতো 'নবযাত্রা' এবং জয়যাত্রা নামে দুটো ডুবোজাহাজকে আনুষ্ঠানিকভাবে কমিশনিং প্রদানকালে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ নৌবাহিনীকে একটি ত্রিমাত্রিক বাহিনী হিসেবে গড়ে তুলতে বর্তমান সরকার স্বল্প ও দীর্ঘমেয়াদী বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে যা ফোর্সেস গোল-২০৩০ অনুযায়ী বাস্তবায়িত হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)। **ইত্তেফাক, ভোরের কাগজ, জনকণ্ঠ, ইনকিলাব, এশিয়ান এজ, অবজারভার, নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**ইত্তেফাক, যুগান্তর, জনকণ্ঠ, এশিয়ান এজ, অবজারভার, নিউজ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **কাজে অবহেলা করলে ছাড় নয় : প্রধানমন্ত্রী**

চট্টগ্রামের রাস্তাঘাটের দুরবস্থা দেখে ক্ষোভ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রাস্তার দুরবস্থা দেখে দুঃখ পেয়েছেন জানিয়ে সংশ্লিষ্টদের কাছে এর কারণ জানতে চেয়েছেন। তাদের সতর্ক করে প্রধানমন্ত্রী বলেন, যে কাজ দেবো, কাজটা সময়মতো করতে হবে। মানসম্পন্ন করতে হবে। গাফিলতি যে-ই করুক, কাউকে ছাড় দেওয়া হবে না। কারণ আমি নিজে এখানে দুর্নীতি করতে আসিনি, দেশের কাজ করতে এসেছি। কেউ যদি অপকর্ম করতে চায়, সে যেই হোক না কেন, তাকে ছাড় দেওয়া হবে না। গতকাল **১২** মার্চ রোববার চট্টগ্রাম নগরের পতেঙ্গা বোট ক্লাবে চট্টগ্রাম ওয়াসার 'শেখ হাসিনা পানি শোধনাগার' এর উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৩। **মানুষকে উন্নত সেবা দিন, ঠকাবেন না : মিঠামইনে জনপ্রতিনিধিদের প্রতি রাষ্ট্রপতি**

সব ধরনের সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে স্থানীয় সরকারের প্রতিনিধিসহ সংশ্লিষ্ট সবাইকে আন্তরিকতা ও সততার সঙ্গে কাজ করার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। কিশোরগঞ্জের মিঠামইন উপজেলার আবদুল হক কলেজ প্রাঙ্গণে গতকাল **১২** মার্চ রোববার অনুষ্ঠিত এক জনসভায় তিনি এ আহ্বান জানান। রাষ্ট্রপতি বলেন, জনগণের উন্নত সেবা নিশ্চিত করতে জনপ্রতিনিধিদের আন্তরিকভাবে এবং সততার সঙ্গে কাজ করতে হবে। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৪। **মূল্যস্ফীতি বিবেচনায় বেতন নির্ধারণের উপায় খুঁজতে কমিটি গঠন**

মূল্যস্ফীতি নির্ভর করে ২০১৮ সাল থেকে অষ্টম বেতন-কাঠামো অনুযায়ী সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বেতন সমন্বয় করা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। একই সঙ্গে স্থায়ী বেতন কমিশন গঠনের পরিবর্তে মূল্যস্ফীতি বিবেচনায় নিয়ে সরকারি চাকুরেদের বেতন-ভাতা নির্ধারণের উপায় খুঁজতে একটি কমিটি গঠন করেছে সরকার। গতকাল **১২** মার্চ রোববার সচিবালয়ে অর্থ মন্ত্রণালয়ে স্থায়ী বেতন কমিশন গঠনের পরিবর্তে মূল্যস্ফীতি বিবেচনায় নিয়ে সরকারি চাকুরেদের বেতন-ভাতা নির্ধারণ সংক্রান্ত বৈঠক শেষে তিনি এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮)।

৫। **সম্মিলিত প্রচেষ্টায় জঙ্গিবাদের মোকাবিলা করতে হবে : চিফ অব পুলিশ কনফারেন্সে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, সম্মিলিত প্রচেষ্টায় জঙ্গি ও সন্ত্রাসের বিরুদ্ধে লড়াই করতে হবে। বিভিন্ন কমিউনিটি, ধর্মীয় নেতাসহ সবাইকে নিয়ে একত্রে জঙ্গিবাদ দমনে কাজ করা হচ্ছে। গতকাল **১২** মার্চ

রোববার রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে 'চিফ অব পুলিশ কনফারেন্স অব সাউথ এশিয়া অ্যান্ড নেইবারিং কান্ট্রিস অন রিজিওনাল কো-অপারেশন ইন কার্ভিং ভায়োলেন্ট এক্সট্রিমিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম'



শীর্ষক তিন দিনব্যাপী সম্মেলনে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী বলেন, শুধু দেশের নিরাপত্তা নিশ্চিত করাই আমাদের কাজ নয়, প্রতিবেশি দেশেও যাতে জঙ্গি ও সন্ত্রাসীরা ঘাঁটি গড়তে না পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে। এ লক্ষ্যে আমরা প্রতিবেশিদের সঙ্গে কাজ করছি। এছাড়া জঙ্গিবাদ দমনে জাতিসংঘ গৃহীত বিভিন্ন কৌশলগত সিদ্ধান্তের প্রতি বাংলাদেশ সমর্থন জানিয়েছে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.২), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**৬। দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে বাংলাদেশের কর্মীদের প্রশিক্ষণ দেবে জাপান**

বাংলাদেশের দক্ষ জনশক্তি ও উদ্যোক্তা তৈরিতে সহায়তা করবে জাপান। দেশটি প্রয়োজন অনুযায়ী সরকারি-বেসরকারি পর্যায়ে অদক্ষ কর্মীরা বিভিন্ন প্রতিষ্ঠানে উৎপাদনমুখী শিল্প, নির্মাণসহ বিভিন্ন খাতে কারিগরি প্রশিক্ষণার্থী (টেকনিক্যাল ইন্টার্ন) নিয়ে ৫ বছর মেয়াদি প্রশিক্ষণ দেবে। প্রশিক্ষণ শেষে কর্মীরা দেশে ফিরে উদ্যোক্তা হিসেবে কর্মসংস্থান সৃষ্টি ও জাতীয় অর্থনীতিতে অবদান রাখতে পারবেন। গতকাল **১২** মার্চ রোববার প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে জাপানের ইন্টারন্যাশনাল ম্যানপাওয়ার ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের (আইএম) সঙ্গে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের এ সংক্রান্ত চুক্তি স্বাক্ষর হয়েছে। জাপান আইএমের এক্সিকিউটিভ চেয়ারম্যান কিউই ইয়ানাগিসাওয়া এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১৭,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৭। বাংলাদেশের স্বাস্থ্য খাতের অর্জন বিশ্বের জন্য দৃষ্টান্ত : জাতিসংঘ দূত**

বাংলাদেশের স্বাস্থ্য খাতের সাম্প্রতিক অর্জনকে বিশ্বের অনেক দেশের জন্য দৃষ্টান্ত হিসেবে অভিহিত করলেন ঢাকা সফররত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং জলবায়ু পরিবর্তন বিষয়ক জাতিসংঘের বিশেষ দূত ডেভিড ন্যাবারো। গতকাল **১২** মার্চ রোববার সচিবালয়ে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের সঙ্গে সাক্ষাত করতে গিয়ে তিনি এই মন্তব্য করেন। সাক্ষাতকালে গত কয়েক বছরে মা ও শিশু স্বাস্থ্যের উন্নয়নে বাংলাদেশের সাফল্যের প্রশংসা করে জাতিসংঘের বিশেষ দূত বলেন, স্বাস্থ্যসেবাকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে তৃণমূলের জনগণকে সম্পৃক্ত করতে বাংলাদেশ সরকারের সক্ষমতা নিঃসন্দেহে প্রশংসনীয়। এ সময় তিনি ম্যালেরিয়া নির্মূল, ডায়াবেটিস, রক্তচাপ, হৃদরোগ, নারীদের ক্যান্সার প্রতিরোধের চ্যালেঞ্জ মোকাবিলার ক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ সরকারের গৃহীত কর্মসূচির প্রশংসা করেন। তিনি বাংলাদেশের ওষুধ শিল্পের অগ্রগতিতেও সন্তোষ প্রকাশ করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.২,ক.৭), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮)।

**৮। রাজধানীর হাজারীবাগের ট্যানারি বন্ধ করতেই হবে : হাইকোর্টের রায় আপিল বিভাগে বহাল**

গ্যাস, বিদ্যুৎ ও পানির সংযোগ বিচ্ছিন্ন করে হাজারীবাগে থাকা ট্যানারিগুলোর কার্যক্রম অবিলম্বে বন্ধের হাইকোর্টের আদেশ বহাল রেখেছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। হাইকোর্টের আদেশ স্থগিত চেয়ে ট্যানারি মালিকদের করা আবেদন খারিজ করে দিয়েছে আদালত। প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন আপিল বিভাগের তিন বিচারপতির বেঞ্চ গতকাল **১২** মার্চ রোববার এই আদেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.৭), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

**৯। পোশাক খাত উন্নয়নে তিন পক্ষের প্রতিনিধি সমন্বয়ে পরামর্শ পরিষদ গঠন**

পোশাক খাত উন্নয়নে শ্রমিক, মালিক ও সরকার পক্ষের প্রতিনিধির সমন্বয়ে পরামর্শ পরিষদ গঠন করেছে সরকার। ২০ সদস্যের আরএমজি বিষয়ক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ গঠন করে আদেশ জারি করেছে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী হচ্ছেন এ পরিষদের সভাপতি। গতকাল **১২** মার্চ রোববার মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১২,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৪)।

**১০। জঙ্গি দমনে বাংলাদেশের সাফল্য অনেক : ইন্টারপোল**

ইন্টারপোল মহাসচিব জার্গেন স্টোক বলেছেন, বাংলাদেশ বেশ কয়েকবার সন্ত্রাস ও জঙ্গিদের দ্বারা আক্রান্ত হয়েছে। কিন্তু প্রতিবারই দেশটি সফলতার সঙ্গে জঙ্গিদের মোকাবিলা করেছে। তিনি বলেন, ইন্টারপোল **১৯০**টি সদস্য রাষ্ট্রের মধ্যে শক্তিশালী নেটওয়ার্ক তৈরি করে তাদের সন্ত্রাস ও জঙ্গিবাদ সংশ্লিষ্ট তথ্য দিয়ে সহযোগিতা করছে। এভাবে পারস্পরিক তথ্য আদান-প্রদানের মাধ্যমেই সন্ত্রাস-জঙ্গিবাদের চ্যালেঞ্জ মোকাবিলা করা সম্ভব। জঙ্গি সন্ত্রাসবাদসহ আন্তঃদেশীয় অপরাধ দমনের লক্ষ্যে গতকাল **১২** মার্চ রোববার ঢাকায় শুরু হয়েছে আন্তর্জাতিক পুলিশ

সম্মেলন। এ সম্মেলন উদ্বোধন শেষে 'মিট দ্য প্রেস' সেশনে ইন্টারপোল মহাসচিব এসব মন্তব্য করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

## সম্পাদকীয়

ক. **সংবাদ :** রাজধানীর সরকারি ও বেসরকারি প্রায় ৮৮ শতাংশ শিক্ষা প্রতিষ্ঠান ভূমিকম্প ও অগ্নিঝুঁকি নিয়ে চলার বিষয় তুলে ধরে শিক্ষার্থীদের স্বার্থে সবরকম ঝুঁকি নিরসনের ব্যাপারে রাষ্ট্রকে আরো কঠোর হওয়ার সুপারিশ ।

খ. **জনকণ্ঠ :** বিচার প্রক্রিয়ার দীর্ঘসূত্রতার কারণে সৃষ্ট মামলার জট কমাতে আইন কমিশনের ২৭ দফা সুপারিশ জরুরিভাবে বিবেচনায় নেওয়ার আহ্বান।

গ. **প্রথম আলো :** জনদুর্ভোগ লাঘবে ভূমি জরিপ ট্রাইব্যুনালের রায় ও আপিল নিয়ে সৃষ্ট দীর্ঘ অচলাবস্থার দ্রুত অবসানের প্রত্যাশা।

ঘ. **সমকাল :** চট্টগ্রাম সিটি করপোরেশনের আওতাভুক্ত ৩৮ টি স্কুলের কার্যক্রম মেয়াদোত্তীর্ণ ঝুঁকিপূর্ণ ভবনে চলার বিষয়ে উদ্বেগ প্রকাশ করে শিক্ষার আগে শিক্ষার্থীদের নিরাপত্তা জরুরি হওয়ায় বিদ্যালয় ভবন নির্মাণে সরকারের পাশাপাশি বিভিন্ন ব্যক্তি ও বেসরকারি সংস্থাকে এগিয়ে আসার আহ্বান।

ঙ. **যুগান্তর :** সুপ্রিমকোর্ট ও আইন মন্ত্রণালয়ের দ্বৈতশাসনের প্রভাবে জেলা জজ পদের পদোন্নতি থেমে যাওয়ায় বিচারপ্রার্থীদের দুর্ভোগ লাঘবে দ্রুত বিচারকদের পদোন্নতি জটের অবসানে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ইনকিলাব :** চীন থেকে আনা 'নবযাত্রা' ও 'জয়যাত্রা' নামের দুটি সাবমেরিন নৌবাহিনীর সঙ্গে সংযুক্ত হওয়ায় ত্রিমাত্রিক শক্তি হিসেবে নৌবাহিনীর যাত্রা শুরু হল বলে অভিমত প্রকাশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বিদেশে নারীকর্মী পাঠানোর আগে তাদের নিরাপত্তা ও চাকুরির ধরনের ব্যাপারে ফিলিপাইন ও ইন্দোনেশিয়ার মতো বাংলাদেশকেও কঠোর অবস্থান গ্রহণের আহ্বান।

জ. **ডেইলি সান, অবজারভার, সমকাল, ভোরের কাগজ :** জাতীয় সংসদে ২৫ মার্চ জাতীয় গণহত্যা দিবসের স্বীকৃতি দেওয়ার সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে এ দিনটির আন্তর্জাতিক স্বীকৃতি আদায়ে সরকার ও সংশ্লিষ্টদের এখন এ ব্যাপারে তৎপর হওয়ার সুপারিশ।

ঝ. **নিউজ টুডে :** গাজীপুরের বাইপাস ইন্টারসেকসনে ম্যানহোলে পড়ে একটি মেয়ের নির্মমভাবে নিহত হওয়ার ঘটনা তুলে ধরে বারবার এ ধরনের ঘটনা ঘটায় অতি দ্রুত রাজধানীসহ সব স্থানের ম্যানহোল ও কালভার্টের ঢাকনা মেরামত করে জননিরাপত্তা নিশ্চিত করার আহ্বান।

ঞ. **নিউ এজ :** বার্ড ফ্লু প্রতিরোধে যথাযথ কর্তৃপক্ষকে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে আজকের বিশ্বসমাজ ও বিশ্বমানবতার অগ্রযাত্রার স্বার্থেও গণহত্যার মতো পৈশাচিকতার বিরুদ্ধে প্রতিবাদের জন্য ২৫ মার্চ কে আন্তর্জাতিক স্বীকৃতি প্রদান সঙ্গত বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'বন্ধ করতে হবে এসিড সন্ত্রাস'** শিরোনামের নিবন্ধে জিনাত রহমান এসিড সন্ত্রাসের ঘটনা অত্যন্ত মর্মান্তিক হওয়ায় এ বর্বরতম সন্ত্রাস প্রতিরোধে সরকারের পাশাপাশি সবাইকে এ সন্ত্রাসের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হতে হবে এবং সচেতন হতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/রশীদ/২০১৭/৯.০০ ঘণ্টা